# পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd   iau.exam@gmail.com

বাড়ি নং-১৭, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি হাউজিং, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১


স্মারক নং-ইআবি/পনি/ফা.পাস/পরীক্ষা-২০২৫/ ৭০৫ তারিখঃ ১৬-০৭-২০২৬ খ্রি.

**পরীক্ষক ও প্রধান পরীক্ষক মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এর উত্তরপত্র মূল্যায়নের জন্য দক্ষ ও অভিজ্ঞ পরীক্ষক ও প্রধান পরীক্ষক মনোনয়ন দেওয়া হবে।

| ক্রম. | পরীক্ষার নাম | পরীক্ষকের ধরণ |
|---|---|---|
| ১ | ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ | পরীক্ষক ও প্রধান পরীক্ষক |

সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে অভিজ্ঞ আগ্রহী শিক্ষকগণ আগামী ১৭-০৭-২০২৬ খ্রি. থেকে ১০-০৮-২০২৬ খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.iau.edu.bd)** পরীক্ষক ম্যানুতে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে আবেদন ফরম পূরণ করে সাবমিট (Submit) করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরীক্ষক আবেদনের নিয়মাবলীঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) এ প্রবেশ করে পরীক্ষক ম্যানুতে ক্লিক করে Teacher Login -এ লগইন করবেন।
- পূর্বে সাইনআপকৃত ইমেইল মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করবেন।
- Profile থেকে প্রোফাইল এর তথ্য ( MPO Level, Basic Sellery, Grade, Teaching Subject, শিক্ষাগত যোগ্যতা, চাকুরির অভিজ্ঞতা) আপডেট করবেন।
- ফাজিল স্নাতক (পাস) পরীক্ষা-২০২৫ এর পরীক্ষক ও প্রধান পরীক্ষক এর আবেদন ফরমে Examiner Type, Subject Code সিলেক্ট করে Save বাটনে ক্লিক করে Save করুন।

যাদের ইনডেক্স নম্বর নেই:

ইনডেক্স নম্বরের পরিবর্তে মাদরাসার ইআইএন (EIIN) নম্বরের সাথে ০২ ডিজিট সংখ্যা যুক্ত করে ইনডেক্স নম্বর হিসেবে পূরণ করবেন। উদাহরণস্বরুপ: ইআইএন (EIIN) নম্বর ১০৪০৫৫ হলে ইনডেক্স হবে ১০৪০৫৫০১, ১০৪০৫৫০২, ১০৪০৫৫০৩ ইত্যাদি।

আবেদনের শর্তাবলী :

০১। ফাজিল স্নাতক (পাস) এর ইনডেক্সধারী এবং নির্দিষ্ট বিষয়ে পাঠদানকারী শিক্ষকগণ সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন। ফাজিল স্নাতক (পাস) এর জন্য নিয়োগপ্রাপ্ত অস্থায়ী শিক্ষকগণও পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন।

০২। ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এর জন্য একজন পরীক্ষক যে কোনো ১ টি বিষয় কোডে পরীক্ষক/প্রধান পরীক্ষক হিসেবে আবেদন করতে পারবেন।

০৩। পদবী, চাকুরীর বয়স ও যোগ্যতা অনুযায়ী পরীক্ষক ও প্রধান পরীক্ষক হিসেবে আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৪। সাময়িক বরখাস্তকৃত শিক্ষক, পরীক্ষা সংক্রান্ত কাজ থেকে অব্যাহতি, অবসরপ্রাপ্ত, ফৌজদারী মামলা/দন্ডপ্রাপ্ত শিক্ষকগণ আবেদন করতে পারবেন না।

০৫। অগ্রণী ব্যাংক পিএলসি-এ আবেদনকারীর ব্যক্তিগত হিসাব নম্বর থাকা বাধ্যতামূলক।

০৬। পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। যে কোন কারিগরি সহায়তার জন্য আইসিটি শাখার মোবাইল নম্বর ০১৮৬৯-৭৫১৪০০ (WhatsApp এ Tex করবেন)।

(বি. দ্র.: শর্তাবলী বহির্ভূত আবেদন, অসম্পূর্ণ ও ভুল তথ্য প্রদান অথবা একই ব্যক্তি ভিন্ন ভিন্ন তথ্য দিয়ে একাধিক আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং প্রয়োজনে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।)

১৬/৭/২৬

ড. মোঃ ওয়ালিউর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং-ইআবি/পনি/ফা.পাস/পরীক্ষা-২০২৫/ ৭০৫ তারিখঃ ১৬-০৭-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
২। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর (প্রচারের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৩। পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৪। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল ফাজিল ও কামিল মাদরাসা (সংশ্লিষ্ট শিক্ষকগণের সদয় অবগতির জন্য)
৫। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৬। প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) মহোদয়ের সদয় অবগতির জন্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৭। প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৮। প্রোগ্রামার, আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৯। অফিস নথি

১৬.০৭.২৬

মোঃ মহিববুল্লাহ
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা